

লাইব্রেরীতে পড়াশোনা ব্যাঙ্গডক লাইব্রেরী

আধুনিক ছোঁয়া লাগার পর পরই পৃথিবীর বিভিন্ন দেশে গড়ে উঠেছে বিষয়ভিত্তিক লাইব্রেরী, বিশেষ করে বিজ্ঞানের এই জয়জয়কার যুগে এসে প্রায় দেশই গড়ে তুলেছে বিজ্ঞানভিত্তিক আধুনিক লাইব্রেরী, বাংলাদেশেও গড়ে উঠেছে বিষয়ভিত্তিক লাইব্রেরী, লাইব্রেরীতে পড়াশোনা নিয়ে আজ থাকছে ব্যাঙ্গডক লাইব্রেরীর ওপর বিস্তারিত তথ্য :

ব্যাঙ্গডক কোথায় : ঢাকা শহরের অন্যতম ব্যস্ত এলাকার নাম সায়েল ল্যাবরেটরী, পাশেই অবস্থিত বাংলাদেশ সায়েল ল্যাবরেটরী ক্যাম্পাস, সায়েল ল্যাবরেটরীর মোড়ের নামকরণ এই ক্যাম্পাসকে ঘিরেই আর ব্যাঙ্গডক লাইব্রেরীও এই সায়েল ল্যাবরেটরী ক্যাম্পাসের ভিতরেই অবস্থিত :

ব্যাঙ্গডক লাইব্রেরী : বিজ্ঞান, প্রযুক্তি আর প্রকৌশল বিষয়ের বিভিন্ন বই আর তথ্য সংগ্রহ নিয়ে গড়ে উঠেছে ব্যাঙ্গডক লাইব্রেরী। বিজ্ঞানের সব শাখার বই-ই এখানে পাওয়া যায়। দেশের অন্য কোন লাইব্রেরী কিংবা বিশ্ববিদ্যালয় বিজ্ঞানের যে সব গুরুত্বপূর্ণ বই, তথ্য কিংবা জার্নাল সংগ্রহ করতে ব্যর্থ হয় সেই সব বই, তথ্য আর জার্নালও ব্যাঙ্গডক লাইব্রেরী সংগ্রহ করে থাকে।

কেমন বই, কত বই : যেহেতু ব্যাঙ্গডক একটি বিজ্ঞানভিত্তিক লাইব্রেরী, তাই এখানে যে সব বই জার্নাল পাওয়া যায় তার সবই বিজ্ঞানের সাথে সম্পর্কযুক্ত। বর্তমানে লাইব্রেরীতে বিজ্ঞান সম্পর্কিত যে সব বিষয়ের বই আর জার্নাল রয়েছে সেগুলো হচ্ছে- কম্পিউটার বিজ্ঞান, স

গ্রহাণুর ও তথ্যবিজ্ঞান, প্রকৃতি ও পরিবেশ বিজ্ঞান, পণিত, জ্যোতির্বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, লাইফ সায়েন্স, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, প্রযুক্তি চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল, এগ্রিকালচার, গার্হস্থ্য অর্থনীতি, পারিবারিক বিজ্ঞান এবং ভূগোল।

কারা আসতে পারেন এখানে : বিজ্ঞান ভিত্তিক জ্ঞান আহরণ করতে আগ্রহী যে কোন বিজ্ঞান মনস্ক লোকই ব্যাঙ্গডক লাইব্রেরীতে আসতে পারেন। এখানে এসে বইপড়া, তথ্য সংগ্রহ করা কিংবা বৈজ্ঞানিক জার্নাল দেখার জন্য কোন ধরন বাধা নিয়ম নেই। সব বয়সের বিজ্ঞান মনস্কদের জন্যই ব্যাঙ্গডক লাইব্রেরীর দরজা খোলা, বিজ্ঞানের যে

কোন শাখা নিয়ে পড়ছেন, পড়াচ্ছেন কিংবা গবেষণা করছেন এমন যে কোন লোকই এই লাইব্রেরীতে আসতে পারেন।

ব্যাঙ্গডকের সেবা : কোন গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহের ব্যাপারে লাইব্রেরী কর্তৃপক্ষ সানন্দে সাহায্য করে থাকেন। বিজ্ঞান নিয়ে স্নাতক বা স্নাতকোত্তর করছেন যারা তারা এই লাইব্রেরীতে কোন অর্থ ব্যয় ছাড়াই লাইব্রেরী ওয়ার্ক করতে পারেন। কোন পাঠককেই এখান থেকে বাসায় বই বা কোন জার্নাল নিয়ে যেতে দেয়া হয় না, তবে বইয়ের বা জার্নালের গুরুত্বপূর্ণ যে কোন অংশ লাইব্রেরী থেকেই ফটোকপি করে নেয়ার সুযোগ রয়েছে। এখানে আরও রয়েছে সাইবর ক্যাফে। এখান থেকে নির্দিষ্ট নিয়ম মেনে ইন্টারনেট ব্যবহার করার অপূর্ব সুযোগও রয়েছে।

লাইব্রেরীর টাইম-টেবিল : সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত লাইব্রেরী খোলা থাকে।